আমালরা এখন ভূমধ্যসাগর উপকূলের আল-মাওয়াসি এলাকায় বালির ওপর তাবু গেড়ে বসবাস করছেন। সেখানে তারা ত্রাণের আটার রুটি ও ও টিনজাত খাবার খেয়ে জীবন ধারণ করছেন। যুদ্ধের শুরুর দিকেই আল মাওয়াসিকে ইসরাইলি বাহিনী 'মানবিক এলাকা' ঘোষণা করে।

তবে এই আশ্রয় শিবিরও বেশিদিন স্থায়ী হবে না বলেই মনে হচ্ছে। কারণ গত রোববার আমালদের আশ্রয় শিবিরে বোমা হামলা চালানো হয়। ফলে আরও একবার তাদের বাস্তুচ্যুত হতে হয়। হামলায় তাদের পাশের তাঁবুতে অন্তত চারজন নিহত হয়।

৬ অক্টোবর রাতে আমাল যুদ্ধের আগে তার জীবনের তোলা শেষ ছবিটি শেয়ার করেন। সেই ছবিতে দেখা যাচ্ছে, ছেলে নোয়াহ নরম গালিচায় শুয়ে টিভিতে কার্টুন দেখছে। দেখতে দেখতে বোতল থেকে দুধ পান করছে।

সেই রাতে ছেলে নোয়াহ তাকে জড়িয়ে ধরেই ঘুমিয়ে পড়েছিল। সেই রাতের স্মৃতিচারণ করতে গিয়ে আমাল বলেন, 'আমার পক্ষে যা করা সম্ভব, করেছি। এই ভয়ংকর যুদ্ধ থেকে আমার সন্তানদের উদ্ধার করতে হবে।'

বিবিসির প্রতিবেদন অবলম্বনে।

Edited Copy:

মৃত্যুপুরীতে সন্তানদের নিয়ে এক মায়ের লড়াই

যুদ্ধবিধ্বস্ত গাজায় সন্তানদের বাঁচিয়ে রাখতে অবিরাম সংগ্রাম হচ্ছে মায়েদের। নিজের বুকের ধন হারানোর উৎকণ্ঠায় দিনরাত পার করতে হচ্ছে তাদের। নিজ ভূমিতে নিজেদের অস্তিত্ব টিকিয়ে রাখা কিংবা সন্তান নামক জ্বলতে থাকা আশার শেষ আলোটুকু জ্বালিয়ে রাখাই যেন তাদের সবচেয়ে বড় সংগ্রাম।

অবরুদ্ধ গাজায় তেমনই সংগ্রামী এক মা আমাল আলাবাদলা। ইসরাইলের আগ্রাসনের সূচনা থেকেই আমাল তার দুই সন্তানকে বাঁচিয়ে রাখার জন্য প্রতিনিয়ত আপ্রাণ লড়াই করে যাচ্ছেন।

গত বছরের ৭ অক্টোবর সকাল। আট মাসের অন্তঃসত্ত্বা স্থপতি আমাল আলাবাদলা তার ১৮ মাস বয়সী আরেক সন্তান নোয়াহকে সঙ্গে নিয়ে শুয়ে ছিলেন। এমন সময় পাশেই হঠাৎ প্রচণ্ড শব্দ। সেই শব্দে জেগে ওঠেন আমাল।

দখলদার ইসরাইল সীমান্তে হাজার হাজার রকেট নিক্ষেপ করেছে ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাস। এরপরই ইসরাইলের ফাইটার জেট হাসাম নিয়ন্ত্রিত গাজায় উপত্যকায় সাড়াশি হামলা শুরু করে।

খান ইউনিসের বাসিন্দা আমালের কোনো ধারণা ছিল না কি হতে যাচ্ছে! তিনি উদ্বিগ্ন ও আতঙ্কিত হয়ে ওঠেন। ওই সময়েই তার প্রচুর রক্তপাত শুরু হয়। তাকে হাসপাতালে ভর্তি জরুরি হয়ে পড়ে।

কিন্তু তখন তার স্বামী বাসায় নেই। গাজার বাইরে কাজ করতে গেছেন। ফলে তিনি একা। তিন ঘণ্টা অপেক্ষার পরে তিনি প্রথম ট্যাক্সি পান। তবে চালক তাকে সামান্য এগিয়ে নিয়ে যান। রাস্তাগুলো ছিল লোকে লোকারণ্য।

তারা কোথায় যাবেন, কি করবেন কিছুই বুঝে উঠতে পারছিলেন না। এক সময় তারা হাসপাতালে পৌঁছান। পোঁছানোর পরই আমালকে অবিলম্বে সিজারিয়ান অপারেশনের জন্য পাঠানো হয়। সেখানে আমালের ছেলে মোহাম্মাদের জন্ম হয়। সেদিন থেকে আমাল তার দুই সন্তানকে বাঁচিয়ে রাখার জন্য প্রতিদিন আপ্রাণ লড়াই করে যাচ্ছেন।

ইসরাইলের আগ্রাসনের মাঝে গাজার প্রায় ৯০ শতাংশ মানুষের মতো আমাল ও তার পরিবারের খাদ্য, বস্ত্র ও বাসস্থান অনিশ্চিত হয়ে পড়েছে। তিনি ও তার দুই শিশু সন্তান স্বাস্থ্যকর ও সুষম খাদ্য থেকে বঞ্চিত।

গাজার উত্তরাঞ্চলে এই সমস্যা আরও তীব্র। যেখানে প্রায় ৯০ শতাংশ শিশু এবং প্রায় ৯৫ শতাংশ অন্তঃসত্ত্বা নারীই গুরুতর খাদ্য সংকটের মুখে। চলতি মাসের শুরুর দিকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) জানায়, গাজার উত্তরাঞ্চলে হাসপাতালগুলোতে অসংখ্য শিশু অনাহারে মারা যাচ্ছে। গাজার দক্ষিণেও শিশুখাদ্য পাওয়াও অনেক কঠিন।

এছাড়া জাতিসংঘ শিশুদের বুকের দুধ পান করানোর ওপর অধিক গুরুত্ব দিলেও গাজার প্রায় অর্ধেক নারীই ছয় সপ্তাহের বেশি সময় শিশুদের বুকের দুধ পান করাতে পারছেন না।

এমন জরুরি পরিস্থিতিতে শিশু পুষ্টি বিষয়ক ইউনিসেফের সিনিয়র উপদেষ্টা আনু নায়ারান বলেন, ‘সংঘাত শুরু হওয়ার সঙ্গে সঙ্গে আমরা আশঙ্কা করেছিলাম এমন একটি চ্যালেঞ্জের মুখোমুখি হতে হবে।'

যুদ্ধ যত এগিয়েছে পরিস্থিতি ততটাই জটিল হয়েছে। গাজায় পানির খুবই ঘটতি দেখা দিয়েছে। বেশিরভাগ নতুন মায়ের পানিশুন্যতায় ভুগছেন। এ কারণে তাদের পর্যাপ্ত বুকের দুধ তৈরি হচ্ছে না।

এমন জটিল অবস্থায় আমাল মাত্র এক মাস তার শিশুকে বুকের দুধ পান করাতে পেরেছিলেন। অপুষ্টির কারণে পর্যাপ্ত দুধ তৈরি হচ্ছিল না। আমাল বলেন, ‘আমি সবসময় ভয়ে ছিলাম। আমি

নিজের জন্য ভালো খাবার সংগ্রহ করতে পারছিলাম না। তাই আমার বুকে সন্তানের জন্য দুধ তৈরি হত না। কিন্তু আমি চেষ্টা করেছি।'

আনু নায়ারান বলেন, 'লোকেরা দিনে দুই লিটারের কম পানি পাচ্ছেন, যা খাওয়া ও ধোওয়ার জন্য প্রয়োজনীয় পানির তুলনায় খুবই কম।' এছাড়াও গাজায় শিশু খাদ্যও পর্যাপ্ত পাওয়া যাচ্ছে না। এমন পরিস্থিতিতে জাতিসংঘ জরুরি সাহায্য হিসেবে শিশুখাদ্য পাঠিয়েছে। কিন্তু যতগুলো ট্রাক গাজায় প্রবেশ করেছে তার সংখ্যা প্রয়োজনের তুলনায় অনেক কম।

তাছাড়া উভয় পক্ষের লড়াই ও অরাজক পরিস্থিতির কারণে সেসব ত্রাণ বোঝাই ট্রাক হয় বোমার আঘাতে ধ্বংস হয়েছে না হয় লুটপাট হয়ে গেছে। এদিকে ইসরাইলি অবরোধ ও বাঁধার কারণে নতুন করে ত্রাণ সহায়তাও গাজায় প্রবেশ করতে পারছে না।

যদিও বিষয়টি অস্বীকার করছে ইসরাইল কর্তৃপক্ষ। উল্টো ত্রাণ সংস্থাগুলোর দোষ চাপিয়ে বলেছে, সংস্থাগুলোই প্রয়োজন মতো সরবরাহ করতে ব্যর্থ হচ্ছে।

তবে বাস্তবতা বলছে অন্য কথা। শুক্রবার (১৫ মার্চ) অস্ট্রেলিয়ান পররাষ্ট্র মন্ত্রী পেনি অং বলেন, সীমান্ত ক্রসিংগুলোর বাইরে খাদ্য বোঝাই বহু ট্রাক দাঁড়িয়ে রয়েছে। সেগুলোকে গাজায় প্রবেশ করতে দেয়া হচ্ছে না।

অস্ট্রেলীয় পররাষ্ট্রমন্ত্রী আরও বলেনম, ইসরাইলি সহযোগিতা ছাড়া এসব খাদ্য সীমান্ত পেরিয়ে গাজায় প্রবেশ এবং বিতরণ করা অসম্ভব। আমরা ইসরাইলকে এখনই গাজায় এসব ট্রাক প্রবেশের অনুমতি দেয়ার অনুরোধ করছি।'

গাজায় বিশুদ্ধ পানির অভাবে ইউনিসেফ প্রি মিক্সড তথা আগেই প্রস্তত করা শিশুখাদ্য পাঠাচ্ছে। এটি ব্যবহার করা নিরাপদ হলেও অধিক পরিমাণে পরিবহণ করা কঠিন।

এদিকে সিজারে বাচ্চা জন্ম দেয়ার পর সুস্থ হতে না হতেই প্রথমবার উদ্বাস্তু হন আমাল। এরপর মায়ের বাড়িও ছাড়তে হয় তাকে। চতুর্থবারের মতো যখন তারা বাস্তুচ্যুত হন তখন মধ্যরাত। বাড়ি থেকে বের হয়ে আসার দুই ঘণ্টা পরই সেখানে বোমা ফেলা হয়।

আমাল বলেন, 'বোমা হামলায় পুরো বাড়িটি মাটিতে ধসে পড়ার কারণে আমি দুধ ও ডায়াপার সঙ্গে নিতে পারিনি। উদ্বাস্তু হওয়ার পর আমাল তার শিশু সন্তানদের নিয়ে প্রথম আশ্রয় নিয়েছিলেন গাজার দক্ষিণে রাফায় আশ্রয় নেন। ভেবেছিলেন, রাফা তার সন্তানদের জন্য নিরাপদ হবে।

কিন্তু তাকে সেই রাফাও ছাড়তে হয়। এরপর তিনি আশ্রয় নেন খান ইউনিস এলাকায়। আমালের শিশু সন্তান মোহাম্মদের দুধজনিত এলার্জি রয়েছে। সাধারণ শিশুখাদ্যে সে অসুস্থ হয়ে পড়ে। বিকল্প হিসেবে একটি খাবারের সন্ধান পেলেও তার দাম অনেক। সংঘাত শুরুর আগে যার দাম অন্তত দশগুণ কম ছিল।

জানুয়ারী মাসের মাঝামাঝি পর্যন্ত পরিবারটি খান ইউনিসের বাইরে একটি উন্মুক্ত এলাকায় আশ্রয় নিয়ে বসবাস করছিল। এই রিপোর্ট লেখার সময় আমালের শিশুর জন্য মাত্র দুই দিনের খাদ্য মজুদ ছিল। এছাড়া তিন মাস বয়সী মোহাম্মদের জন্য খাওয়ার আর কিছুই ছিল না।

এমতাবস্থায় আমাল আবারও বাজারের সন্ধানে রাফায় যাওয়ার সিদ্ধান্ত নেন। সেখানে যেতে সাধারণত গাড়িতে মাত্র ২০ মিনিট সময় লাগে। তবে ইসরাইলি বাহিনী সেই রাস্তায় অবস্থান করছিল। যাত্রাপথে আমাল অন্তত তিনটি ট্যাংকের দেখা পান। একটি তাদের উদ্দেশে করে গুলি চালায় এবং সেই গুলি তাদের গাড়ির কাছে এসে পড়ে।

গত ফেব্রুয়ারি মাসে খান ইউনিসে যুদ্ধ আরও তীব্র হয়। বোমা বিস্ফোরণের শব্দ নোয়াহ'র জন্য সহ্য করা কঠিন হয়ে পড়ে। তার মৃগীরোগ ছিল এবং বোমার শব্দে তার খিঁচুনি আরও তীব্র আকার ধারণ করে।

কিন্তু তার ওষুধ কোথাও খুঁজে পাচ্ছিলেন না আমাল। তার পরিবার আল-মাওয়াছি উপকূলীয় এলাকায় একটি তাবুতে ছিলেন। কিন্তু গত সপ্তাহের শেষে এলাকাটিতে গোলাবর্ষণের কারণে তাদের সেখান থেকে সরে যেতে হয়।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) হিসাব অনুযায়ী, যুদ্ধের শুরু থেকে গাজায় এখন পর্যন্ত প্রায় ২৪ হাজার শিশুর জন্ম হয়েছে। পুরো উপত্যকার মানুষ এখন তীব্র খাদ্য সংকটের মুখোমুখি। ছোট শিশুদের জন্য তা আরও ভয়ংকর রূপ নিয়েছে।

ইউনিসেফের সিনিয়র উপদেষ্টা আনু নায়ারান বলেন, 'শিশুরা খুব দ্রুত অসুস্থ হতে পারে। তাদের দেহে চর্বি ও পেশির পরিমাণ কম থাকে। ফলে তাদের দ্রুত অপুষ্টিতে পড়ার সম্ভাবনা বেশি। এই অপুষ্টির কারণে তাদের ভবিষ্যত জীবনে ডায়াবেটিস, হৃদ্‌রোগ ও স্থূলতার হার বাড়তে পারে।'

আমাল আপাতত তার ছেলের জন্য খাবারের ব্যবস্থা করতে পেরেছেন। তিনি একই এলাকায় আরও কয়েকজন মায়ের খোঁজ পান যারা তাদের নিজেদের শিশুর পাশাপাশি আমালের শিশু সন্তানকেও তাদের বুকের দুধ পান করান। আমাল সামান্য টাকা ও শিশুর জামাকাপড় দিয়ে এই ঋণ শোধ করেন।

আমালরা এখন ভূমধ্যসাগর উপকূলের আল-মাওয়াসি এলাকায় বালির ওপর তাবু গেড়ে বসবাস করছেন। সেখানে তারা ত্রাণের আটার রুটি ও ও টিনজাত খাবার খেয়ে জীবন ধারণ করছেন। যুদ্ধের শুরুর দিকেই আল মাওয়াসিকে ইসরাইলি বাহিনী ‘মানবিক এলাকা’ ঘোষণা করে।

তবে এই আশ্রয় শিবিরও বেশিদিন স্থায়ী হবে না বলেই মনে হচ্ছে। কারণ গত রোববার আমালদের আশ্রয় শিবিরে বোমা হামলা চালানো হয়। ফলে আরও একবার তাদের বাস্তুচ্যুত হতে হয়। হামলায় তাদের পাশের তাঁবুতে অন্তত চারজন নিহত হয়।

আমাল ছবি তুলতে ভালবাসেন। কিন্তু গত ছয় মাসে তিনি একটি ছবিও তুলতে পারেননি। শেষ ছবিটি তুলেছেন যুদ্ধ শুরুর একদিন আগে ৬ অক্টোবর। সেই ছবিতে দেখা যাচ্ছে, ছেলে নোয়াহ নরম গালিচায় শুয়ে টিভিতে কার্টুন দেখছে। দেখতে দেখতে বোতল থেকে দুধ পান করছে।

সেই রাতে ছেলে নোয়াহ তাকে জড়িয়ে ধরেই ঘুমিয়ে পড়েছিল। সেই রাতের স্মৃতিচারণ করতে গিয়ে আমাল বলেন, 'আমার পক্ষে যা করা সম্ভব, করেছি। এই ভয়ংকর যুদ্ধ থেকে আমার সন্তানদের উদ্ধার করতে হবে।'


বিবিসির প্রতিবেদন অবলম্বনে।

Published Copy:

News Link: https://www.somoynews.tv/news/2024-03-16/AQD0xVIQ



আন্তর্জাতিক




আন্তর্জাতিক

১৯ টা ৫৪ মিনিট, ১৬ মার্চ ২০২৪

গাজার মৃত্যুপুরীতে সন্তানদের বাঁচিয়ে রাখতে এক মায়ের লড়াই

যুদ্ধবিধ্বস্ত গাজায় সন্তানদের বাঁচিয়ে রাখতে অবিরাম সংগ্রাম হচ্ছে মায়েদের। নিজের বুকের ধন হারানোর উৎকণ্ঠায় দিনরাত পার করতে হচ্ছে তাদের। নিজ ভূমিতে নিজেদের অস্তিত্ব টিকিয়ে রাখা কিংবা সন্তান নামক জ্বলতে থাকা আশার শেষ আলোটুকু জ্বালিয়ে রাখাই যেন তাদের সবচেয়ে বড় সংগ্রাম।



পাঁচ মাস বয়সী শিশু মোহাম্মদের সাথে মা আমাল আলাবাদলা। ছবি: সংগৃহীত

কৌশিক ইসলাম অনি

৬ মিনিটে পড়ুন

অবরুদ্ধ গাজায় তেমনই সংগ্রামী এক মা আমাল আলাবাদলা। ইসরাইলের আগ্রাসনের সূচনা থেকেই আমাল তার দুই সন্তানকে বাঁচিয়ে রাখার জন্য প্রতিনিয়ত আপ্রাণ লড়াই করে যাচ্ছেন।



গত বছরের ৭ অক্টোবর সকাল। আট মাসের অন্তঃসত্ত্বা স্থপতি আমাল আলাবাদলা তার ১৮ মাস বয়সী আরেক সন্তান নোয়াহকে সঙ্গে নিয়ে শুয়ে ছিলেন। এমন সময় পাশেই হঠাৎ প্রচণ্ড শব্দ। সেই শব্দে জেগে ওঠেন আমাল।

দখলদার ইসরাইল সীমান্তে হাজার হাজার রকেট নিক্ষেপ করেছে ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাস। এরপরই ইসরাইলের ফাইটার জেট হাসাম নিয়ন্ত্রিত গাজায় উপত্যকায় সাড়াশি হামলা শুরু করে।

খান ইউনিসের বাসিন্দা আমালের কোনো ধারণা ছিল না কি হতে যাচ্ছে! তিনি উদ্বিগ্ন ও আতঙ্কিত হয়ে ওঠেন। ওই সময়েই তার প্রচুর রক্তপাত শুরু হয়। তাকে হাসপাতালে ভর্তি জরুরি হয়ে পড়ে।

আরও পড়ুন: গাজায় এখন আর 'স্বাভাবিক আকৃতির' শিশু জন্মাচ্ছে না: জাতিসংঘ

কিন্তু তখন তার স্বামী বাসায় নেই। গাজার বাইরে কাজ করতে গেছেন। ফলে তিনি একা। তিন ঘণ্টা অপেক্ষার পরে তিনি প্রথম ট্যাক্সি পান। তবে চালক তাকে সামান্য এগিয়ে নিয়ে যান। রাস্তাগুলো ছিল লোকে লোকারণ্য।

তারা কোথায় যাবেন, কি করবেন কিছুই বুঝে উঠতে পারছিলেন না। এক সময় তারা হাসপাতালে পৌঁছান। পৌঁছানোর পরই আমালকে অবিলম্বে সিজারিয়ান অপারেশনের জন্য পাঠানো হয়। সেখানে আমালের ছেলে মোহাম্মাদের জন্ম হয়। সেদিন থেকে আমাল তার দুই সন্তানকে বাঁচিয়ে রাখার জন্য প্রতিদিন আ
লড়াই করে যাচ্ছেন।

ইসরাইলের আগ্রাসনের মাঝে গাজার প্রায় ৯০ শতাংশ মানুষের মতো আমাল ও তার পরিবারের খাদ্য, বস্ত্র ও বাসস্থান অনিশ্চিত হয়ে পড়েছে। তিনি ও তার দুই শিশু সন্তান স্বাস্থ্যকর ও সুষম খাদ্য থেকে বঞ্চিত।

গাজার উত্তরাঞ্চলে এই সমস্যা আরও তীব্র। যেখানে প্রায় ৯০ শতাংশ শিশু এবং প্রায় ৯৫ শতাংশ অন্তঃসত্ত্বা নারীই গুরুতর খাদ্য সংকটের মুখে। চলতি মাসের শুরুর দিকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) জানায়, গাজার উত্তরাঞ্চলে হাসপাতালগুলোতে অসংখ্য শিশু অনাহারে মারা যাচ্ছে। গাজার দক্ষিণেও শিশুখাদ্য পাওয়াও অনেক কঠিন।

আরও পড়ুন: সমুদ্র পথে প্রথম ত্রাণবাহী জাহাজ গাজায়

এছাড়া জাতিসংঘ শিশুদের বুকের দুধ পান করানোর ওপর অধিক গুরুত্ব দিলেও গাজার প্রায় অর্ধেক নারীই ছয় সপ্তাহের বেশি সময় শিশুদের বুকের দুধ পান করাতে পারছেন না।

এমন জরুরি পরিস্থিতিতে শিশু পুষ্টি বিষয়ক ইউনিসেফের সিনিয়র উপদেষ্টা আনু নায়ারান বলেন, 'সংঘাত শুরু হওয়ার সঙ্গে সঙ্গে আমরা আশঙ্কা করেছিলাম এমন একটি চ্যালেঞ্জের মুখোমুখি হতে হবে।'

যুদ্ধ যত এগিয়েছে পরিস্থিতি ততটাই জটিল হয়েছে। গাজায় পানির খুবই ঘটতি দেখা দিয়েছে। বেশিরভাগ নতুন মায়ের পানিশুন্যতায় ভুগছেন। এ কারণে তাদের পর্যাপ্ত বুকের দুধ তৈরি হচ্ছে না।

এমন জটিল অবস্থায় আমাল মাত্র এক মাস তার শিশুকে বুকের দুধ পান করাতে পেরেছিলেন। অপুষ্টির কারণে পর্যাপ্ত দুধ তৈরি হচ্ছিল না। আমাল বলেন, 'আমি সবসময় ভয়ে ছিলাম। আমি নিজের জন্য ভালো খাবার সংগ্রহ করতে পারছিলাম না। তাই আমার বুকে সন্তানের জন্য দুধ তৈরি হত না। কিন্তু আমি চেষ্টা করেছি।'

আরও পড়ুন: হামাসের যুদ্ধবিরতির নতুন প্রস্তাবও প্রত্যাখ্যান নেতানিয়াহুর

আনু নায়ারান বলেন, 'লোকেরা দিনে দুই লিটারের কম পানি পাচ্ছেন, যা খাওয়া ও ধোওয়ার জন্য প্রয়োজনীয় পানির তুলনায় খুবই কম।' এছাড়াও গাজায় শিশু খাদ্যও পর্যাপ্ত পাওয়া যাচ্ছে না। এমন পরিস্থিতিতে জাতিসংঘ জরুরি সাহায্য হিসেবে শিশুখাদ্য পাঠিয়েছে। কিন্তু যতগুলো ট্রাক গাজায় প্রবেশ করেছে তার সংখ্যা প্রয়োজনের তুলনায় অনেক কম।

তাছাড়া উভয় পক্ষের লড়াই ও অরাজক পরিস্থিতির কারণে সেসব ত্রাণ বোঝাই ট্রাক হয় বোমার আঘাতে ধ্বংস হয়েছে না হয় লুটপাট হয়ে গেছে। এদিকে ইসরাইলি অবরোধ ও বাঁধার কারণে নতুন করে ত্রাণ সহায়তাও গাজায় প্রবেশ করতে পারছে না।

যদিও বিষয়টি অস্বীকার করছে ইসরাইল কর্তৃপক্ষ। উল্টো ত্রাণ সংস্থাগুলোর দোষ চাপিয়ে বলেছে, সংস্থাগুলোই প্রয়োজ সরবরাহ করতে ব্যর্থ হচ্ছে।

তবে বাস্তবতা বলছে অন্য কথা। শুক্রবার (১৫ মার্চ) অস্ট্রেলিয়ান পররাষ্ট্র মন্ত্রী পেনি অং বলেন, সীমান্ত ক্রসিংগুলোর বাইরে খাদ্য বোঝাই বহু ট্রাক দাঁড়িয়ে রয়েছে। সেগুলোকে গাজায় প্রবেশ করতে দেয়া হচ্ছে না।

আরও পড়ুন: ফিলিস্তিনের নতুন প্রধানমন্ত্রী মোহাম্মদ মুস্তফা

অস্ট্রেলীয় পররাষ্ট্রমন্ত্রী আরও বলেনম, ইসরাইলি সহযোগিতা ছাড়া এসব খাদ্য সীমান্ত পেরিয়ে গাজায় প্রবেশ এবং বিতরণ করা অসম্ভব। আমরা ইসরাইলকে এখনই গাজায় এসব ট্রাক প্রবেশের অনুমতি দেয়ার অনুরোধ করছি।'

গাজায় বিশুদ্ধ পানির অভাবে ইউনিসেফ প্রি মিক্সড তথা আগেই প্রস্তুত করা শিশুখাদ্য পাঠাচ্ছে। এটি ব্যবহার করা নিরাপদ হলেও অধিক পরিমাণে পরিবহণ করা কঠিন।

এদিকে সিজারে বাচ্চা জন্ম দেয়ার পর সুস্থ হতে না হতেই প্রথমবার উদ্বাস্তু হন আমাল। এরপর মায়ের বাড়িও ছাড়তে হয় তাকে। চতুর্থবারের মতো যখন তারা বাস্তুচ্যুত হন তখন মধ্যরাত। বাড়ি থেকে বের হয়ে আসার দুই ঘণ্টা পরই সেখানে বোমা ফেলা হয়।

আমাল বলেন, 'বোমা হামলায় পুরো বাড়িটি মাটিতে ধসে পড়ার কারণে আমি দুধ ও ডায়াপার সঙ্গে নিতে পারিনি। উদ্বাস্তু হ
পর আমাল তার শিশু সন্তানদের নিয়ে প্রথম আশ্রয় নিয়ে
গাজার দক্ষিণে রাফায় আশ্রয় নেন। ভেবেছিলেন, রাফা তার সন্তানদের জন্য নিরাপদ হবে।

কিন্তু তাকে সেই রাফাও ছাড়তে হয়। এরপর তিনি আশ্রয় নেন খান ইউনিস এলাকায়। আমালের শিশু সন্তান মোহাম্মদের দুধজনিত এলার্জি রয়েছে। সাধারণ শিশুখাদ্যে সে অসুস্থ হয়ে পড়ে। বিকল্প হিসেবে একটি খাবারের সন্ধান পেলেও তার দাম অনেক। সংঘাত শুরুর আগে যার দাম অন্তত দশগুণ কম ছিল।

আরও পড়ুন: রোজার মাসেও ঝরছে রক্ত, ফিলিস্তিনিরা যাবে কোথায়

জানুয়ারী মাসের মাঝামাঝি পর্যন্ত পরিবারটি খান ইউনিসের বাইরে একটি উন্মুক্ত এলাকায় আশ্রয় নিয়ে বসবাস করছিল। এই রিপোর্ট লেখার সময় আমালের শিশুর জন্য মাত্র দুই দিনের খাদ্য মজুদ ছিল। এছাড়া তিন মাস বয়সী মোহাম্মদের জন্য খাওয়ার আর কিছুই ছিল না।

এমতাবস্থায় আমাল আবারও বাজারের সন্ধানে রাফায় যাওয়ার সিদ্ধান্ত নেন। সেখানে যেতে সাধারণত গাড়িতে মাত্র ২০ মিনিট সময় লাগে। তবে ইসরাইলি বাহিনী সেই রাস্তায় অবস্থান করছিল। যাত্রাপথে আমাল অন্তত তিনটি ট্যাংকের দেখা পান। একটি তাদের উদ্দেশে করে গুলি চালায় এবং সেই গুলি তাদের গাড়ির কাছে এসে পড়ে।

গত ফেব্রুয়ারি মাসে খান ইউনিসে যুদ্ধ আরও তীব্র হয়। [illegible] বিস্ফোরণের শব্দ নোয়াহ'র জন্য সহ্য করা কঠিন হয়ে প[illegible]র মৃগীরোগ ছিল এবং বোমার শব্দে তার খিঁচুনি আরও তীব্র আকার ধারণ করে।

কিন্তু তার ওষুধ কোথাও খুঁজে পাচ্ছিলেন না আমাল। তার পরিবার আল-মাওয়াছি উপকূলীয় এলাকায় একটি তাবুতে ছিলেন। কিন্তু গত সপ্তাহের শেষে এলাকাটিতে গোলাবর্ষণের কারণে তাদের সেখান থেকে সরে যেতে হয়।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) হিসাব অনুযায়ী, যুদ্ধের শুরু থেকে গাজায় এখন পর্যন্ত প্রায় ২৪ হাজার শিশুর জন্ম হয়েছে। পুরো উপত্যকার মানুষ এখন তীব্র খাদ্য সংকটের মুখোমুখি। ছোট শিশুদের জন্য তা আরও ভয়ংকর রূপ নিয়েছে।

আরও পড়ুন: থামছে না যুদ্ধ, হাসপাতালেই ফিলিস্তিনি দুই চিকিৎসকের বিয়ে

ইউনিসেফের সিনিয়র উপদেষ্টা আনু নায়ারান বলেন, 'শিশুরা খুব দ্রুত অসুস্থ হতে পারে। তাদের দেহে চর্বি ও পেশির পরিমাণ কম থাকে। ফলে তাদের দ্রুত অপুষ্টিতে পড়ার সম্ভাবনা বেশি। এই অপুষ্টির কারণে তাদের ভবিষ্যত জীবনে ডায়াবেটিস, হৃদ্‌রোগ ও স্থুলতার হার বাড়তে পারে।'

আমাল আপাতত তার ছেলের জন্য খাবারের ব্যবস্থা করতে পেরেছেন। তিনি একই এলাকায় আরও কয়েকজন মায়ের খোঁজ পান যারা তাদের নিজেদের শিশুর পাশাপাশি আমালের শিশু সন্তানকেও তাদের বুকের দুধ পান করান। আমাল সামান্য [illegible] ও শিশুর জামাকাপড় দিয়ে এই ঋণ শোধ করেন।

আমালরা এখন ভূমধ্যসাগর উপকূলের আল-মাওয়াসি এলাকায় বালির ওপর তাবু গেড়ে বসবাস করছেন। সেখানে তারা ত্রাণের আটার রুটি ও ও টিনজাত খাবার খেয়ে জীবন ধারণ করছেন। যুদ্ধের শুরুর দিকেই আল মাওয়াসিকে ইসরাইলি বাহিনী 'মানবিক এলাকা' ঘোষণা করে।

তবে এই আশ্রয় শিবিরও বেশিদিন স্থায়ী হবে না বলেই মনে হচ্ছে। কারণ গত রোববার আমালদের আশ্রয় শিবিরে বোমা হামলা চালানো হয়। ফলে আরও একবার তাদের বাস্তুচ্যুত হতে হয়। হামলায় তাদের পাশের তাঁবুতে অন্তত চারজন নিহত হয়।

আরও পড়ুন: আন্তর্জাতিক চাপ / গাজায় 'ত্রাণের বন্যা' বইয়ে দেবে ইসরাইল!

আমাল ছবি তুলতে ভালবাসেন। কিন্তু গত ছয় মাসে তিনি একটি ছবিও তুলতে পারেননি। শেষ ছবিটি তুলেছেন যুদ্ধ শুরুর একদিন আগে ৬ অক্টোবর। সেই ছবিতে দেখা যাচ্ছে, ছেলে নোয়াহ নরম গালিচায় শুয়ে টিভিতে কার্টুন দেখছে। দেখতে দেখতে বোতল থেকে দুধ পান করছে।

সেই রাতে ছেলে নোয়াহ তাকে জড়িয়ে ধরেই ঘুমিয়ে পড়েছিল। সেই রাতের স্মৃতিচারণ করতে গিয়ে আমাল বলেন, 'আমার পক্ষে যা করা সম্ভব, করেছি। এই ভয়ংকর যুদ্ধ থেকে আমার স[illegible] উদ্ধার করতে হবে।'
বিবিসির প্রতিবেদন অবলম্বনে।

My Mistakes:

My Copy	After Editing
শিরোনামঃ মৃত্যুপুরীতে সন্তানদের নিয়ে এক মায়ের লড়াই	শিরোনামঃ গাজার মৃত্যুপুরীতে সন্তানদের বাঁচিয়ে রাখতে এক মায়ের লড়াই
যুদ্ধবিধ্বস্ত গাজায় সন্তানের স্বাদ যেন আশা হতাশার মধ্যে এক অবিরাম সংগ্রাম।	যুদ্ধবিধ্বস্ত গাজায় সন্তানদের বাঁচিয়ে রাখতে অবিরাম সংগ্রাম হচ্ছে মায়েদের।
গাজায় অবরুদ্ধ সেই সংগ্রামী এক মা আমাল আলাবাদলা।	অবরুদ্ধ গাজায় তেমনই সংগ্রামী এক মা আমাল আলাবাদলা।
এমন সময় হঠাৎ শব্দে জেগে ওঠেন আমাল।	এমন সময় পাশেই হঠাৎ প্রচণ্ড শব্দ। সেই শব্দে জেগে ওঠেন আমাল।
দখলদার ইসরাইল সীমান্তে হাজার হাজার রকেট নিক্ষেপ করেছে ফিলিস্তিনের হামাস।	দখলদার ইসরাইল সীমান্তে হাজার হাজার রকেট নিক্ষেপ করেছে ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাস।
এরপরই ইসরাইলের ফাইটার জেট হাসাম নিয়ন্ত্রিত গাজায় উপত্যকায় সারাশি হামলা শুরু করে।	এরপরই ইসরাইলের ফাইটার জেট হাসাম নিয়ন্ত্রিত গাজায় উপত্যকায় সাড়াশি হামলা শুরু করে।
পরে সিজারিয়ান অপারেশনে ছেলে মোহাম্মাদের জন্ম হয়।	পৌঁছানোর পরই আমালকে অবিলম্বে সিজারিয়ান অপারেশনের জন্য পাঠানো হয়। সেখানে আমালের ছেলে মোহাম্মাদের জন্ম হয়।
এরপরে থেকেই দুই সন্তানকে নিয়ে বেঁচে থাকার লড়াই করে যাচ্ছেন আমাল।	সেদিন থেকে আমাল তার দুই সন্তানকে বাঁচিয়ে রাখার জন্য প্রতিদিন আপ্রাণ লড়াই করে যাচ্ছেন।
তখন তার ছেলের জন্য দুই দিনের খাদ্য মজুদ ছিল।	এই রিপোর্ট লেখার সময় আমালের শিশুর জন্য মাত্র দুই দিনের খাদ্য মজুদ ছিল।
তার পরিবার আল-মাওয়াছি উপকুলীয় এলাকায় একটি তাবুতে ছিলেন।	তার পরিবার আল-মাওয়াছি উপকূলীয় এলাকায় একটি তাবুতে ছিলেন।

৬ অক্টোবর রাতে আমাল যুদ্ধের আগে তার জীবনের তোলা শেষ ছবিটি শেয়ার করেন।	আমাল ছবি তুলতে ভালবাসেন। কিন্তু গত ছয় মাসে তিনি একটি ছবিও তুলতে পারেননি। শেষ ছবিটি তুলেছেন যুদ্ধ শুরুর একদিন আগে ৬ অক্টোবর।

My Learnings:

- Headline writing skills have improved. Mentioning the location of the incident in the headline increases reader interest.
- Learned to use appropriate words. According to Hamas, they want Palestine's independence in any way. Now, it might be more appropriate to call Hamas as a freedom-seeking organization for Palestine. (ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাস)
- Spelling skills are developed. Spelling skills are developed. These words should be spelled as follows: সাড়াশি, উপকূলীয় ।
- The skill of writing in a storytelling style has improved. For example: '৬ অক্টোবর রাতে আমাল যুদ্ধের আগে তার জীবনের তোলা শেষ ছবিটি শেয়ার করেন।' This is a straightforward sentence which I already used. In a feature, I have to add storytelling elements. By that sentence I can write more stories. Such as: 'আমাল ছবি তুলতে ভালবাসেন। কিন্তু গত ছয় মাসে তিনি একটি ছবিও তুলতে পারেননি। শেষ ছবিটি তুলেছেন যুদ্ধ শুরুর একদিন আগে ৬ অক্টোবর।'

Project -3

Project Type: Children's Literature (Literature and Culture Desk)

Project Title: সাহিত্যে শিশুদের কী দরকার, আমরা কী দিচ্ছি?

Project Description:

This report is about Children's Literature at Amar Ekushey Book Fair organized by Bangla Academy. Books of ghosts, fairies and fairy tales are the focus of children's interest around the fair. Giving priority to this interest, the guardians are also handing over these books to the children. But poets and writers have emphasized on providing educational books to children along with these books.

My Responsibility:

My web editor sent me to the book fair and asked me to find something interesting. After returning, I shared my experience with him. He then instructed me to write about it. I wrote and showed it to Jr. Sub editor Bishwojit Das Bijoy. He revised it before putting it up on the website panel. Finally, the news editor made the necessary corrections and published it on the website.

My Copy:

*Kowsik Reporting - Notepad

File Edit Format View Help

সাহিত্যে শিশুদের কী দরকার?

বইমেলার পেরিয়ে গেছে অর্ধেকের বেশি সময়। ফেব্রুয়ারির মাঝামাঝি এ সময়ে মেলা জমে ওঠেছে পুরোদমে। মেলায় শিশুদের জন্য করা হয়েছে শিশু চত্বর। এতে শিশুদের উপস্থিতিতে বইমেলা কখনো কখনো রূপ নেয় শিশু মেলায়। তাদের পছন্দের তালিকায় আছে ভূত-পরী, রূপকথার গল্পের বই। এতে তারা তাদের আনন্দ খুঁজে পায়। এর পাশাপাশি শিশুদের শিক্ষামুলক বই দেওয়ার ইচ্ছে জানালেন কবি-লেখকরা।

মেলা প্রাঙ্গণ ঘুরে দেখা যায়, শিশুরা বাবা-মা ও পরিবারের অন্য সদস্যদের সঙ্গে এসে কিনছে তাদের পছন্দের বই। শিশু চত্বরের প্রতিটি স্টলেই তাদের আনাগোনা। অধিকাংশ শিশু এবং তাদের অভিভাবকদের পছন্দের শীর্ষে রয়েছে ভূত-পরী এবং রূপকথার গল্পের বই।

শিশুবেলা প্রকাশনীর বই বিক্রেতা মারুফ হোসেন বলেন, শিশুরা মূলত বইয়ের চাকচিক্য দেখে বই কিনতে পছন্দ করে। তাদের পছন্দের তালিকার শীর্ষে রয়েছে ভৌতিক এবং রূপকথার গল্পের বই।

অভিভাবকরা জানান, স্মার্টফোন এবং টেলিভিশনে ভৌতিক এবং রূপকথার গল্প দেখতে অভ্যস্ত শিশুরা। সেই আগ্রহের জায়গা থেকেই এই বইগুলো তাদের পছন্দের তালিকায়।

রাজধানীর মালিবাগ থেকে বাবা-মায়ের সঙ্গে এসেছে ৩য় শ্রেণীর শিক্ষার্থী মিম। সিসিমপুরের টুকটুকি আর হালুমদের নাচ উপভোগ শেষে বাবা-মায়ের সঙ্গে বিভিন্ন স্টল ঘুরে ঘুরে কিনেছেন বেশ কয়েকটি গল্পের বই। এর মধ্যে বেশিরভাগই ছিল রূপকথার গল্প।

রাজধানীর মতিঝিল এলাকা থেকে ৭ বছরের শিশু জায়ান মাহমুদকে নিয়ে বইমেলায় এসেছেন ব্যবসায়ী মামুন মাহমুদ। ছেলে জায়ানকে কিনে দেন দুটি ভৌতিক গল্পের বই। তিনি বলেন, 'শত ব্যস্ততা শেষে আজকে মেলায় আসার সুযোগ হয়েছে। বাচ্চার আবদার মেটাতেই মেলায় আসা। ছেলেকে বই পড়ার অভ্যাস তৈরি করার জন্যই বই কিনে দিয়েছি। ছেলের আগ্রহের ভৌতিক গল্পের বই কিনে দিয়েছি।'

ব্যাতিক্রমী সাদিয়া আক্তার মিরপুর থেকে এসেছেন বোনকে নিয়ে। তিনি বলেন, 'ছোট বোনকে বেশ কয়েকটি বই কিনে দেয়ায় সে বেশ খুশি। তাকে গল্পের পাশাপাশি বিজ্ঞান এবং মুক্তিযুদ্ধ বিষয়ক বইও কিনে দেই। শুধু গল্পের বই পড়লেই হবে না। পাশাপাশি মুক্তিযুদ্ধের ইতিহাস জানতে হবে। আমাদের সংগ্রাম এবং ত্যাগের ইতিহাস জানতে হবে। আর বর্তমান যুগের সঙ্গে তাল মেলাতে অবশ্যই বিজ্ঞানচর্চা জরুরি। মূলত আমি তাকে ভবিষ্যতের জন্য প্রস্তুত করতে বই পড়ার প্রতি আগ্রহী করে তুলছি।'

কবি এবং গল্পকার সালাহ উদ্দিন মাহমুদ শিশুদের মনোরঞ্জনের পাশাপাশি শিক্ষার বিষয় নিয়েও অভিভাবক এবং লেখকদের নজর দেয়ার কথা জানিয়েছেন। তিনি বলেন, শৈশবেই শিশুদের জানা দরকার একাত্তরের মহান মুক্তিযুদ্ধ এবং ভাষা আন্দোলনের প্রয়োজনীয়তা। পাশাপাশি শিশুর আচরণ এবং পারিবারিক শিক্ষা কেমন হওয়া উচিত, এসব গল্পোচ্ছলে তুলে ধরতে পারলে সারাজীবন মনে রাখবে। অভিভাবক এবং শিশু সাহিত্যিকদের উচিত শিশুকে মানবিক শিক্ষায় আগ্রহী করা এবং মানবিক গল্প-কবিতাকে শিশুদের উপযোগী করে তুলতে হবে।'

Edited Copy:

সাহিত্যে শিশুদের কী দরকার?

অমর একুশে বইমেলার এবারের আয়োজন পেরিয়ে গেছে অর্ধেকের বেশি সময়। ফেব্রুয়ারির মাঝামাঝি এ সময়ে মেলা জমে ওঠেছে পুরোদমে। মেলায় শিশুদের জন্য করা হয়েছে শিশু চত্বর। এতে শিশুদের উপস্থিতিতে বইমেলা কখনো কখনো রূপ নেয় শিশু মেলায়। তাদের পছন্দের তালিকায় আছে ভূত-পরী, রূপকথার গল্পের বই। এতে তারা তাদের আনন্দ খুঁজে পায়। এ আনন্দের পাশাপাশি শিশুদের হাতে শিক্ষামূলক বইও তুলে দেয়ার দাবি জানালেন কবি-লেখকরা।

মেলা প্রাঙ্গণ ঘুরে দেখা যায়, শিশুরা বাবা-মা ও পরিবারের অন্য সদস্যদের সঙ্গে এসে কিনছে তাদের পছন্দের বই। শিশু চত্বরের প্রতিটি স্টলেই তাদের আনাগোনা। অধিকাংশ শিশু এবং তাদের অভিভাবকদের পছন্দের শীর্ষে রয়েছে ভূত-পরী এবং রূপকথার গল্পের বই।

শিশুবেলা প্রকাশনীর বই বিক্রেতা মারুফ হোসেন বলেন, শিশুরা মূলত বইয়ের চাকচিক্য দেখে বই কিনতে পছন্দ করে। তাদের পছন্দের তালিকার শীর্ষে রয়েছে ভৌতিক এবং রূপকথার গল্পের বই।

অভিভাবকরা জানান, স্মার্টফোন এবং টেলিভিশনে ভৌতিক এবং রূপকথার গল্প দেখতে অভ্যস্ত শিশুরা। সেই আগ্রহের জায়গা থেকেই এই বইগুলো তাদের পছন্দের তালিকায়।

রাজধানীর মালিবাগ থেকে বাবা-মায়ের সঙ্গে এসেছে ৩য় শ্রেণীর শিক্ষার্থী মিম। সিসিমপুরের টুকটুকি আর হালুমদের নাচ উপভোগ শেষে বাবা-মায়ের সঙ্গে বিভিন্ন স্টল ঘুরে ঘুরে কিনেছেন বেশ কয়েকটি গল্পের বই। এর মধ্যে বেশিরভাগই ছিল রূপকথার গল্প।

রাজধানীর মতিঝিল এলাকা থেকে ৭ বছরের শিশু জায়ান মাহমুদকে নিয়ে বইমেলায় এসেছেন ব্যবসায়ী মামুন মাহমুদ। ছেলে জায়ানকে কিনে দেন দুটি ভৌতিক গল্পের বই। তিনি বলেন, 'শত ব্যস্ততা শেষে আজকে মেলায় আসার সুযোগ হয়েছে। বাচ্চার আবদার মেটাতেই মেলায় আসা।

ছেলেকে বই পড়ার অভ্যাস তৈরি করার জন্যই বই কিনে দিয়েছি। ছেলের আগ্রহের ভৌতিক গল্পের বই কিনে দিয়েছি।'

তবে এক্ষেত্রে ব্যতিক্রম মিরপুর থেকে বোনকে নিয়ে আসা সাদিয়া আক্তার। তিনি বলেন, 'ছোট বোনকে বেশ কয়েকটি বই কিনে দেয়ায় সে বেশ খুশি। তাকে গল্পের পাশাপাশি বিজ্ঞান এবং মুক্তিযুদ্ধ বিষয়ক বইও কিনে দেই। শুধু গল্পের বই পড়লেই হবে না। পাশাপাশি মুক্তিযুদ্ধের ইতিহাস জানতে হবে। আমাদের সংগ্রাম এবং ত্যাগের ইতিহাস জানতে হবে। আর বর্তমান যুগের সঙ্গে তাল মেলাতে অবশ্যই বিজ্ঞানচর্চা জরুরি। মূলত আমি তাকে ভবিষ্যতের জন্য প্রস্তুত করতে বই পড়ার প্রতি আগ্রহী করে তুলছি।'

কবি এবং গল্পকার সালাহ উদ্দিন মাহমুদ শিশুদের মনোরঞ্জনের পাশাপাশি শিক্ষার বিষয় নিয়েও অভিভাবক এবং লেখকদের নজর দেয়ার কথা জানিয়েছেন। তিনি বলেন, ‘শৈশবেই শিশুদের জানা দরকার একাত্তরের মহান মুক্তিযুদ্ধ এবং ভাষা আন্দোলনের প্রয়োজনীয়তা। পাশাপাশি শিশুর আচরণ এবং পারিবারিক শিক্ষা কেমন হওয়া উচিত, এসব গল্পোচ্ছলে তুলে ধরতে পারলে সারাজীবন মনে রাখবে। অভিভাবক এবং শিশু সাহিত্যিকদের উচিত শিশুকে মানবিক শিক্ষায় আগ্রহী করা এবং মানবিক গল্প-কবিতাকে শিশুদের উপযোগী করে তুলতে হবে।'

Published Copy:

News Link: https://www.somoynews.tv/news/2024-02-16/sK1R9CJz

সাহিত্য ও সংস্কৃতি

১২ টা ৫৩ মিনিট, ১৬ ফেব্রুয়ারি ২০২৪

সাহিত্যে শিশুদের কী দরকার, আমরা কী দিচ্ছি?

অমর একুশে বইমেলার এবারের আয়োজন পেরিয়ে গেছে অর্ধেকের বেশি সময়। ফেব্রুয়ারির মাঝামাঝি এ সময়ে মেলা জমে ওঠেছে পুরোদমে। মেলায় শিশুদের জন্য করা হয়েছে শিশু চত্বর। এতে শিশুদের উপস্থিতিতে বইমেলা কখনো কখনো রূপ নেয় শিশু মেলায়। তাদের পছন্দের তালিকায় আছে ভূত-পরী, রূপকথার গল্পের বই। এতে তারা তাদের আনন্দ খুঁজে পায়। এ আনন্দের পাশাপাশি শিশুদের হাতে শিক্ষামূলক বইও তুলে দেয়ার দাবি জানালেন কবি-লেখকরা।



শিশুতোষ বইয়ের স্টলগুলো ঘুরে দেখছে শিশুরা। ছবি: কৌশিক ইসলাম অনি

কৌশিক ইসলাম অনি

২ মিনিটে পড়ুন

মেলা প্রাঙ্গণ ঘুরে দেখা যায়, শিশুরা বাবা-মা ও পরিবারের অন্য সদস্যদের সঙ্গে এসে কিনছে তাদের পছন্দের বই। শিশু চত্বরের প্রতিটি স্টলেই তাদের আনাগোনা। অধিকাংশ শিশু এবং তাদের অভিভাবকদের পছন্দের শীর্ষে রয়েছে ভূত-পরী এবং রূপকথার গল্পের বই।

শিশুবেলা প্রকাশনীর বই বিক্রেতা মারুফ হোসেন বলেন, শিশুরা মূলত বইয়ের চাকচিক্য দেখে বই কিনতে পছন্দ করে। তাদের পছন্দের তালিকার শীর্ষে রয়েছে ভৌতিক এবং রূপকথার গল্পের বই।

আরও পড়ুন: **বইমেলায় চীনা দূতাবাসের স্টলে আন্তর্জাতিক সাহিত্যের ছাপ**

অভিভাবকরা জানান, স্মার্টফোন এবং টেলিভিশনে ভৌতিক এবং রূপকথার গল্প দেখতে অভ্যস্ত শিশুরা। সেই আগ্রহের জায়গা থেকেই এই বইগুলো তাদের পছন্দের তালিকায়।

রাজধানীর মালিবাগ থেকে বাবা-মায়ের সঙ্গে এসেছে ৩য় শ্রেণীর শিক্ষার্থী মিম। সিসিমপুরের টুকটুকি আর হালুমদের নাচ উপভোগ শেষে বাবা-মায়ের সঙ্গে বিভিন্ন স্টল ঘুরে ঘুরে কিনেছেন বেশ কয়েকটি গল্পের বই। এর মধ্যে বেশিরভাগই ছিল রূপকথার গল্প।

রাজধানীর মতিঝিল এলাকা থেকে ৭ বছরের শিশু জায়ান মাহমুদকে নিয়ে বইমেলায় এসেছেন ব্যবসায়ী মামুন মাহমুদ। ছেলে জায়ানকে কিনে দেন দুটি ভৌতিক গল্পের বই। তিনি বলেন, 'শত ব্যস্ততা শেষে আজকে মেলায় আসার সুযোগ হয়েছে। বাচ্চার আবদার মেটাতেই মেলায় আসা। ছেলেকে বই পড়ার অভ্যাস তৈরি করার জন্যই বই কিনে দিয়েছি। ছেলের আগ্রহের ভৌতিক গল্পের বই কিনে দিয়েছি।'

আরও পড়ুন: **মেলায় বই কিনবেন কিন্তু পড়া লাগবে না!**

তবে এক্ষেত্রে ব্যতিক্রম মিরপুর থেকে বোনকে নিয়ে আসা সাদিয়া আক্তার। তিনি বলেন, 'ছোট বোনকে বেশ কয়েকটি বই কিনে দেয়ায় সে বেশ খুশি। তাকে গল্পের পাশাপাশি বিজ্ঞান এবং মুক্তিযুদ্ধ বিষয়ক বইও কিনে দেই। শুধু গল্পের বই পড়লেই হবে না। পাশাপাশি মুক্তিযুদ্ধের ইতিহাস জানতে হবে। আমাদের সংগ্রাম এবং ত্যাগের ইতিহাস জানতে হবে। আর বর্তমান যুগের সঙ্গে তাল মেলাতে অবশ্যই বিজ্ঞানচর্চা জরুরি। মূলত আমি তাকে ভবিষ্যতের জন্য প্রস্তুত করতে বই পড়ার প্রতি আগ্রহী করে তুলছি।'

কবি এবং গল্পকার সালাহ উদ্দিন মাহমুদ শিশুদের মনোরঞ্জনের পাশাপাশি শিক্ষার বিষয় নিয়েও অভিভাবক এবং লেখকদের নজর দেয়ার কথা জানিয়েছেন। তিনি বলেন, শৈশবেই শিশুদের জানা দরকার একাত্তরের মহান মুক্তিযুদ্ধ এবং ভাষা আন্দোলনের প্রয়োজনীয়তা। পাশাপাশি শিশুর আচরণ এবং পারিবারিক শিক্ষা কেমন হওয়া উচিত, এসব গল্পোচ্ছলে তুলে ধরতে পারলে সারাজীবন মনে রাখবে। অভিভাবক এবং শিশু সাহিত্যিকদের উচিত শিশুকে মানবিক শিক্ষায় আগ্রহী করা এবং মানবিক গল্প-কবিতাকে শিশুদের উপযোগী করে তুলতে হবে।'

শিশু সাহিত্য অমর একুশে বইমেলা সাহিত্য চর্চা

My Mistakes:

My Copy	After Editing
শিরোনামঃ সাহিত্যে শিশুদের কী দরকার?	শিরোনামঃ সাহিত্যে শিশুদের কী দরকার, আমরা কী দিচ্ছি?
বইমেলার পেরিয়ে গেছে অর্ধেকের বেশি সময়।	অমর একুশে বইমেলার এবারের আয়োজন পেরিয়ে গেছে অর্ধেকের বেশি সময়।
এর পাশাপাশি শিশুদের শিক্ষামুলক বই দেওয়ার ইচ্ছে জানালেন কবি-লেখকরা।	এ আনন্দের পাশাপাশি শিশুদের হাতে শিক্ষামূলক বইও তুলে দেয়ার দাবি জানালেন কবি-লেখকরা।
ব্যাতিক্রমী সাদিয়া আক্তার মিরপুর থেকে এসেছেন বোনকে নিয়ে।	তবে এক্ষেত্রে ব্যতিক্রম মিরপুর থেকে বোনকে নিয়ে আসা সাদিয়া আক্তার।

My Learnings:

- Headline writing skills have improved. For example: সাহিত্যে শিশুদের কী দরকার? This is a straightforward question. If I add (আমরা কী দিচ্ছি) then comes with curiosity and engagement for reader.
- Need to write appropriate sentences. For example: বইমেলার পেরিয়ে গেছে অর্ধেকের বেশি সময়। I wrote this sentence. I can add to that sentence such as specifying the event (অমর একুশে বইমেলা), timing of the event (এবারের), mentioning the specific event (অমর একুশে বইমেলা), and its occurrence (আয়োজন). These types of words should make the sentence more appropriate.
- I have learned their writing policy. They use (দেয়ার) instead (দেওয়ার).
- Spelling skills are developed. These words should be spelled as follows: শিক্ষামূলক, ব্যাতিক্রমী।

Project-4

Project Type: Amar Ekushey Book Fair (Literature and Culture Desk)

Project Title: তরুণরা ভাইরাল লেখকের ভিড়ে, অস্বস্তিতে নবীন লেখকরা

Project Description:

This report is about the overall situation of the Amar Ekushey Book Fair organized by Bangla Academy. An attempt is made to find the interest of the youth with the book fair. In addition, the opinions of new writers, publishers and teachers about the overall situation are highlighted.

My Responsibility:

My web editor sent me to the book fair to report on the overall situation. After returning, I wrote the report and showed it to the Jr. Sub-editor, Bishwojit Das Bijoy, who revised it before placing it on the website panel. Finally, the news editor made the necessary corrections and published it on the website.

My Copy:



সেলিব্রেটি লেখকের ভিড়ে, অস্বস্তিতে নবীন লেখকরা

বইমেলা মানেই লেখক,পাঠক এবং প্রকাশকদের মিলনমেলা। মাসব্যাপী চলা এই বইমেলায় পাঠকরা আসেন তাদের প্রিয় লেখকদের বই কিনতে। আবার অনেকেই আসেন মেলায় ঘুরে বেড়াতে। বইমেলায় আসা পাঠকদের অধিকাংশই তরুণ। তবে নবীন লেখকদের দাবি, তরুণদের বড় একটা অংশই বইমেলায় ছুটে আসেন গায়ক, কন্টেন্ট ক্রিয়েটর এবং সোশ্যাল মিডিয়া সেলিব্রেটিদের সঙ্গে ছবি তুলতে।

যদিও এই সেলিব্রেটিরা নিয়মিত লেখক না। মেলায় এই সেলিব্রেটিদের আগমনে মিছিল শুরু হয়, তরুণদের জটলা বাধে। এ পরিস্থিতিতে নিয়মিত পাঠক, নবীন লেখক কিংবা অপেক্ষাকৃত কম পরিচিত লেখকরা অস্বস্তিতে পড়ে যান।

সরজমিনে দেখা যায়, নির্দিষ্ট কিছু স্টল ঘিরেই শুধু ভিড়। তাছাড়া বেশিরভাগ স্টলেই পাঠকের তেমন আনাগোনা দেখা যায় না বললেই চলে। যেসব স্টলের সামনে ভিড়, সেসব স্টলের কাছে গিয়ে দেখা যায়, অধিকাংশ পাঠক তাদের পছন্দের লেখকের সঙ্গে ছবি তুলতে ব্যস্ত। কেউ কেউ বই নিচ্ছেন, অটগ্রাফ নিচ্ছেন, সঙ্গে ছবিও তুলছেন। কেউ কেউ আবার শুধুই ছবি তুলে জটলা থেকে হাসি মুখে বের হয়ে আসছেন।

শুধু ছবি তুলে হাসি মুখে ভিড় থেকে বের হওয়া রাজধানীর মোহাম্মাদপুরে বাসিন্দা সাইফুল ইসলাম বলেন, 'আমি তেমন একটা বই পড়ি না। ব্যস্ত থাকার কারণে মেলায় তেমন একটা আসতেও পারি না। আজকে মূলত এসেছি বন্ধুর সঙ্গে ঘুরতে। হঠাৎ একটি স্টলের সামনে প্রচুর ভিড় দেখে এগিয়ে দেখি আমার পছন্দের একজন গায়ক। অনেকক্ষণ অপেক্ষা করার পর তার সঙ্গে ছবি তোলার সুযোগ পাই।

অটোগ্রাফসহ বই এবং পছন্দের লেখকের সঙ্গে ছবি তোলা এক তরুণী আফরিন বলেন, 'আমার প্রিয় একজন ফেসবুক সেলিব্রেটি বই লিখেছেন। আমি বেশ কয়েকবছর ধরে তাকে ফলো করি। কিন্তু তার সঙ্গে কখনও সামনাসামনি দেখা হয়নি। তিনি তার পেজ থেকে পোস্ট করে জানিয়েছেন, তিনি আজ মেলায় আসবেন। মূলত আমি তাকে সামনাসামনি একনজর দেখতে মেলায় এসেছি। সঙ্গে তার অটোগ্রাফসহ বই কিনেছি।

তবে এসব সেলিব্রেটি লেখকদের ভিড়ে হারিয়ে যাচ্ছেন নবীন লেখক কিংবা অপেক্ষাকৃত কম পরিচিত লেখকরা। সেলিব্রেটিদের ভিড়ে তারা অনেকসময় ঠিকমতো স্টলেও প্রবেশ করতে পারেছেন না।

নবীন লেখক মিলন আব্দুল্লাহ বলেন, 'প্রথমত বই প্রকাশের অধিকার সবার আছে। তবে তথাকথিত গায়ক, কন্টেন্ট ক্রিয়েটর এবং সোশ্যাল মিডিয়া সেলিব্রেটিদের বিষয়ে কর্তৃপক্ষকে আরও সচেতন হওয়া জরুরি। তারা সচেতন হলে মানহীন বইগুলো বাজারে আসার সুযোগ পাবে না। পাঠক কোনটা কিনবেন বা পড়বেন এই স্বাধীনতা তাদের আছে। তবে আমাদের মতো নবীন লেখকেরা যাতে পাঠকের সঙ্গে যোগাযোগ বাড়াতে পারে সে ব্যবস্থা করা দরকার। এখন আমরা দেখি ভাইরাল কিছু ব্যক্তি মেলায় প্রবেশ করলে মিছিল হয়, তরুণদের জটলা বাধে। এমতাবস্থায় নিয়মিত পাঠক, আমাদের মতো নবীন লেখক কিংবা অপরিচিত লেখকরা অস্বস্তিতে পড়ে যান। তারা হাটাহাঁটি করতে পারেন না, স্টলের কাছেও যেতে পারেন না।

আরেক নবীন লেখক মারুফ সরকার মুন্নার মতে, বই মেলায় পাঠকের চেয়ে সেলিব্রেটি ফ্যান বেশি। বিশেষ করে ভাইরাল ব্যক্তিরা যখন বই মেলায় আসেন, তখন তাদের ফ্যানব্যাজ পুরোটাই চলে আসে। প্রিয় ভাইরাল মানুষের সঙ্গে একটি ছবি তুলে শত চেষ্টায়। যার ফলে বইমেলার সেই ঐতিহ্য এবং পাঠক কিংবা লেখকবান্ধব পরিবেশ থাকে না। নিয়মিত পাঠকেরা তাদের কাঙ্ক্ষিত স্টলে যেতে পারেন না। ফলে পাঠকরা বইমেলায় আসার উতসাহ হারিয়ে ফেলে।

প্রকাশকরা সেলিব্রেটিদের বইগুলো পাঠকের কাছে পৌঁছাতে অনেক হিমশিম খাওয়ায় লেখক ও প্রকাশক উভয়ই ক্ষতিগ্রস্ত হচ্ছে জানিয়ে মারুফ সরকার মুন্না বলেন, দেখা যাচ্ছে শতজনের ভিড়ে মাত্র বই কিনছেন হাতেগোণা কয়েকজন। প্রকাশকরাও বই সবাইকে দেখাতে পারছেন না। এই পরিস্থিতি হচ্ছে অনেকটাই ফুলে ফেঁপে উঠা ফাঁকা কলসির মতো। সবাই যা দেখছে আসলে তা না। তাই চাওয়া, বইমেলা শুধু সেলফিবান্ধব না হোক।

শোভা প্রকাশের নির্বাহী পরিচালক মো. আশিকুর রহমান নিজেও এ ব্যাপারে অস্বস্তি প্রকাশ করেন। তিনি বলেন, আমি গতকাল বই বিক্রি বা পাঠককে বই দেখানোর মূল সময়টাতেই এরকম একটা পরিস্থিতির স্বীকার হই। ফলে পাঠকেরা আমার স্টলের দিকে ভিড়তে পারে নাই। আমি বই দেখাতে পারি নাই। এতে যারা নিয়মিত লেখক এবং অভিজ্ঞ লেখক আছেন তারা বিরক্ত বোধ করেন। কিন্তু কী আর করা!

তিনি বলেন, আমাদের মাঝে ক্যাপিটালিজম এর ট্রেন্ড চলছে। আমি আমার টাকায় কিনছি। তাতে কার কী আসে যায়? এটাই মূল ব্যাপার। এই পরিস্থিতিতে আমরা বড়জোর অনুরোধ করেত পারি। তবে আমি মনে করি, আয়োজক কমিটির বিধিনিষেধ বা কাঠামোগত নীতি থাকা উচিত। অন্যদিকে আমাদের কিছু পাঠকের দিকে প্রশ্ন উঠতে পারে। কেননা পাঠকেরা জ্ঞানের চেয়ে ট্রেন্ডকে বেশি প্রাধান্য দিচ্ছে। ফলে যারা ভাইরাল হয়ে বই লিখছেন, তাদের একটা সস্তা মার্কেটিং হয়ে যাচ্ছে।

শিক্ষক ও লেখক মো. আমিনুল ইসলাম বলেন, বইমেলা গনমানুষের হওয়া উচিত। বই যে কেউই লিখতে পারে এবং কে, কি বই পড়বে এই স্বাধীনতা সবার আছে। তা না হলে চিন্তা এবং বুদ্ধিবৃত্তিক স্বাধীনতার দিকে প্রশ্ন উঠতে পারে।

এক্ষেত্রে যারা নিয়মিত লেখক তাদের আরও ভালো ভালো কন্টেন্ট তৈরি করা উচিত বলে জানান আমিনুল ইসলাম। এতে করে তথাকথিত সেলিব্রিটিরা জায়গা পাবে না। আমাদের লেখক এবং প্রকাশকদের একযোগে কাজ করতে হবে। পাশাপাশি বাংলা একাডেমিকে আরও পদক্ষেপ নিতে হবে। তাদের ভাবতে হবে কীভাবে মেলার সঙ্গে পাঠকের আরও নিবিড় সম্পর্ক গড়ে তোলা যায়। তা না হলে চিন্তাশীল বা নিয়মিত পাঠকরা থাকবে না।

তিনি আরও বলেন, আমাদের গুণগত মানের দিকে নজর দিতে হবে। তাহলে তথাকথিত ব্যক্তিরা সে জায়গা পাবে না। নবীন লেখকদের জায়গা করে দিতে প্রকাশক এবং বাংলা একাডেমিকে আরও ভূমিকা পালন করতে হবে। যাতে নবীনরা তাদের সৃষ্টিগুলো মানুষের কাছে পৌঁছাতে পারে। তাহলেই চিন্তার দারিদ্র, বুদ্ধিবৃত্তির যে দারিদ্র্য তা থাকবে না। মানুষ তখন তাদের রুচির প্রশ্নে আরও সচেতন হবে।

ঢাবির সাবেক উপাচার্য ড. আ আ ম স আরেফিন সিদ্দিকি বলেন, তরুণ প্রজন্ম তথ্য প্রযুক্তির মাঝে বিচরন করে। সেজন্যই কন্টেন্ট ক্রিয়েটর, সোশ্যাল মিডিয়া ভাইরাল ব্যক্তিদের একটা জনপ্রিয়তা আছে। তবে এটি একটি অস্থায়ী চিত্র।

নতুন যারা লিখছেন তাদের সঙ্গে পাঠকের যোগাযোগ হওয়াটা জরুরি জানিয়ে আরেফিন সিদ্দিকি বলেন, আগে লেখকদের ঘিরেই ভিড় হতো। অবশ্য এটা এখন শিথিল হয়ে গেছে। নবীন লেখকদের সঙ্গে পাঠকের কীভাবে নিবিড় যোগাযোগের একটা ব্যবস্থা করা যায়, সেটা বাংলা একাডেমি চিন্তাভাবনা করে দেখতে পারে। নবীন লেখক বা যারা সত্যিকার অর্থে লিখেন তারা যাতে স্টলে এসে স্বাচ্ছন্দ্য বোধ করেন এবং পাঠকের সঙ্গে নিবিড় সম্পর্ক গড়ে তুলতে পারেন, সে ব্যাপারে নজর দিতে হবে কর্তৃপক্ষকেই।

Edited Copy:

সেলিব্রেটি লেখকের ভিড়ে, অস্বস্তিতে নবীন লেখকরা

বইমেলা মানেই লেখক,পাঠক এবং প্রকাশকদের মিলনমেলা। বইমেলায় পাঠকরা ছুটে আসেন প্রিয় লেখকদের বই কিনতে। আবার অনেকেই আসেন মেলায় ঘুরে বেড়াতে। বইমেলায় আসা পাঠকদের অধিকাংশই তরুণ। তবে নবীন লেখকদের দাবি, তরুণদের বড় একটা অংশই বইমেলায় ছুটে আসেন গায়ক, কন্টেন্ট ক্রিয়েটর এবং সোশ্যাল মিডিয়া সেলিব্রেটিদের সঙ্গে ছবি তুলতে।

যদিও এই সেলিব্রেটিরা নিয়মিত লেখক না। মেলায় তাদের প্রবেশ ঘটলে মিছিল হয়, তরুণদের জটলা বাঁধে। এ পরিস্থিতিতে নিয়মিত পাঠক, নবীন লেখক কিংবা অপেক্ষাকৃত কম পরিচিত লেখকরা অস্বস্তিতে পড়ে যান।

মেলা প্রাঙ্গণ ঘুরে দেখা যায়, নির্দিষ্ট কিছু স্টল ছাড়া বেশিরভাগ স্টলেই পাঠকের তেমন ভিড় নেই বললেই চলে। যেসব স্টলের সামনে ভিড়, সেসব স্টলের কাছে গিয়ে দেখা যায়, অধিকাংশ পাঠক তাদের পছন্দের লেখকের সঙ্গে ছবি তুলতে ব্যস্ত। কেউ কেউ বই কিনছেন, অটোগ্রাফ নিচ্ছেন, সঙ্গে ছবিও তুলছেন। কেউ কেউ আবার শুধুই ছবি তুলে জটলা থেকে হাসি মুখে বের হয়ে আসছেন।

শুধু ছবি তুলে হাসি মুখে ভিড় থেকে বের হওয়া রাজধানীর মোহাম্মাদপুরে বাসিন্দা সাইফুল ইসলাম বলেন, 'আমি তেমন একটা বই পড়ি না। ব্যস্ত থাকার কারণে মেলায় তেমন একটা আসতেও পারি না। আজকে মূলত এসেছি বন্ধুর সঙ্গে ঘুরতে। হঠাৎ একটি স্টলের সামনে প্রচুর ভিড় দেখে এগিয়ে

দেখি আমার পছন্দের একজন গায়ক। অনেকক্ষণ অপেক্ষা করার পর তার সঙ্গে ছবি তোলার সুযোগ পাই।

অটোগ্রাফসহ বই এবং পছন্দের লেখকের সঙ্গে ছবি তোলা এক তরুণী আফরিন বলেন, 'আমার প্রিয় একজন ফেসবুক সেলিব্রেটি বই লিখেছেন। আমি বেশ কয়েকবছর ধরে তাকে ফলো করি। কিন্তু তার সঙ্গে কখনও সামনাসামনি দেখা হয়নি। তিনি তার পেজ থেকে পোস্ট করে জানিয়েছেন, তিনি আজ মেলায় আসবেন। মূলত আমি তাকে সামনাসামনি একনজর দেখতে মেলায় এসেছি। সঙ্গে তার অটোগ্রাফসহ বই কিনেছি।

তবে এসব সেলিব্রেটি লেখকদের ভিড়ে হারিয়ে যাচ্ছেন নবীন লেখক কিংবা অপেক্ষাকৃত কম পরিচিত লেখকরা। সেলিব্রেটিদের ভিড়ে তারা অনেকসময় ঠিকমতো স্টলেও প্রবেশ করতে পারেছেন না।

নবীন লেখক মিলন আব্দুল্লাহ বলেন, 'প্রথমত বই প্রকাশের অধিকার সবার আছে। তবে তথাকথিত গায়ক, কন্টেন্ট ক্রিয়েটর এবং সোশ্যাল মিডিয়া সেলিব্রেটিদের বিষয়ে কর্তৃপক্ষকে আরও সচেতন হওয়া জরুরি। তারা সচেতন হলে মানহীন বইগুলো বাজারে আসার সুযোগ পাবে না। পাঠক কোনটা কিনবেন বা পড়বেন এই স্বাধীনতা তাদের আছে। তবে আমাদের মতো নবীন লেখকেরা যাতে পাঠকের সঙ্গে যোগাযোগ বাড়াতে পারে সে ব্যবস্থা করা দরকার। এখন আমরা

দেখি ভাইরাল কিছু ব্যক্তি মেলায় প্রবেশ করলে মিছিল হয়, তরুণদের জটলা বাঁধে। এমতাবস্থায় নিয়মিত পাঠক, আমাদের মতো নবীন লেখক কিংবা অপরিচিত লেখকরা অস্বস্তিতে পড়ে যান। তারা হাঁটাহাঁটি করতে পারেন না, স্টলের কাছেও যেতে পারেন না।

আরেক নবীন লেখক মারুফ সরকার মুন্নার মতে, বই মেলায় পাঠকের চেয়ে সেলিব্রেটি ফ্যান বেশি। বিশেষ করে ভাইরাল ব্যক্তিরা যখন বই মেলায় আসেন, তখন তাদের ফ্যানব্যাজ পুরোটাই

চলে আসে। প্রিয় ভাইরাল মানুষের সঙ্গে একটি ছবি তুলে শত চেষ্টায়। যার ফলে বইমেলার সেই ঐতিহ্য এবং পাঠক কিংবা লেখকবান্ধব পরিবেশ থাকে না। নিয়মিত পাঠকেরা তাদের কাঙ্ক্ষিত স্টলে যেতে পারেন না। ফলে পাঠকরা বইমেলায় আসার উৎসাহ হারিয়ে ফেলে।

প্রকাশকরা সেলিব্রেটিদের বইগুলো পাঠকের কাছে পৌঁছাতে অনেক হিমশিম খাওয়ায় লেখক ও প্রকাশক উভয়ই ক্ষতিগ্রস্ত হচ্ছে জানিয়ে মারুফ সরকার মুন্না বলেন, দেখা যাচ্ছে শতজনের ভিড়ে মাত্র বই কিনছেন হাতেগোণা কয়েকজন। প্রকাশকরাও বই সবাইকে দেখাতে পারছেন না। এই পরিস্থিতি হচ্ছে অনেকটাই ফুলে ফেঁপে উঠা ফাঁকা কলসির মতো। সবাই যা দেখছে আসলে তা না। তাই চাওয়া, বইমেলা শুধু সেলফিবান্ধব না হোক।

শোভা প্রকাশের নির্বাহী পরিচালক মো. আশিকুর রহমান নিজেও এ ব্যাপারে অস্বস্তি প্রকাশ করেন। তিনি বলেন, আমি গতকাল বই বিক্রি বা পাঠককে বই দেখানোর মূল সময়টাতেই এরকম একটা পরিস্থিতির স্বীকার হই। ফলে পাঠকেরা আমার স্টলের দিকে ভিড়তে পারে নাই। আমি বই দেখাতে পারি নাই। এতে যারা নিয়মিত লেখক এবং অভিজ্ঞ লেখক আছেন তারা বিরক্ত বোধ করেন। কিন্তু কী আর করা!

তিনি বলেন, আমাদের মাঝে ক্যাপিটালিজম এর ট্রেন্ড চলছে। আমি আমার টাকায় কিনছি। তাতে কার কী আসে যায়? এটাই মূল ব্যাপার। এই পরিস্থিতিতে আমরা বড়জোর অনুরোধ করতে পারি। তবে আমি মনে করি, আয়োজক কমিটির বিধিনিষেধ বা কাঠামোগত নীতি থাকা উচিত। অন্যদিকে আমাদের কিছু পাঠকের দিকে প্রশ্ন উঠতে পারে। কেননা পাঠকেরা জ্ঞানের চেয়ে

ট্রেন্ডকে বেশি প্রাধান্য দিচ্ছে। ফলে যারা ভাইরাল হয়ে বই লিখছেন, তাদের একটা সস্তা মার্কেটিং হয়ে যাচ্ছে।

একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও লেখক মো. আমিনুল ইসলাম বলেন, বইমেলা গণমানুষের হওয়া উচিত। বই যে কেউই লিখতে পারে এবং কে, কি বই পড়বে এই স্বাধীনতা সবার আছে। তা না হলে চিন্তা এবং বুদ্ধিবৃত্তিক স্বাধীনতার দিকে প্রশ্ন উঠতে পারে।

এক্ষেত্রে যারা নিয়মিত লেখক তাদের আরও ভালো ভালো কন্টেন্ট তৈরি করা উচিত বলে জানান আমিনুল ইসলাম। এতে করে তথাকথিত সেলিব্রিটিরা জায়গা পাবে না। আমাদের লেখক এবং প্রকাশকদের একযোগে কাজ করতে হবে। পাশাপাশি বাংলা একাডেমিকে আরও পদক্ষেপ নিতে হবে। তাদের ভাবতে হবে কীভাবে মেলার সঙ্গে পাঠকের আরও নিবিড় সম্পর্ক গড়ে তোলা যায়। তা না হলে চিন্তাশীল বা নিয়মিত পাঠকরা থাকবে না।

তিনি আরও বলেন, আমাদের গুণগত মানের দিকে নজর দিতে হবে। তাহলে তথাকথিত ব্যক্তিরা সে জায়গা পাবে না। নবীন লেখকদের জায়গা করে দিতে প্রকাশক এবং বাংলা একাডেমিকে আরও ভূমিকা পালন করতে হবে। যাতে নবীনরা তাদের সৃষ্টিগুলো মানুষের কাছে পৌঁছাতে পারে। তাহলেই চিন্তার দারিদ্র, বুদ্ধিবৃত্তির যে দারিদ্র্য তা থাকবে না। মানুষ তখন তাদের রুচির প্রশ্নে আরও সচেতন হবে।

ঢাবির সাবেক উপাচার্য ড. আ আ ম স আরেফিন সিদ্দিকি বলেন, তরুণ প্রজন্ম তথ্য প্রযুক্তির মাঝে বিচরণ করে। সেজন্যই কন্টেন্ট ক্রিয়েটর, সোশ্যাল মিডিয়া ভাইরাল ব্যক্তিদের একটা জনপ্রিয়তা আছে। তবে এটি একটি অস্থায়ী চিত্র।

নতুন যারা লিখছেন তাদের সঙ্গে পাঠকের যোগাযোগ হওয়াটা জরুরি জানিয়ে আরেফিন সিদ্দিকি বলেন, আগে লেখকদের ঘিরেই ভিড় হতো। অবশ্য এটা এখন শিথিল হয়ে গেছে। নবীন লেখকদের সঙ্গে পাঠকের কীভাবে নিবিড় যোগাযোগের একটা ব্যবস্থা করা যায়, সেটা বাংলা একাডেমি চিন্তাভাবনা করে দেখতে পারে। নবীন লেখক বা যারা সত্যিকার অর্থে লিখেন তারা যাতে স্টলে এসে স্বাচ্ছন্দ্য বোধ করেন এবং পাঠকের সঙ্গে নিবিড় সম্পর্ক গড়ে তুলতে পারেন, সে ব্যাপারে নজর দিতে হবে কর্তৃপক্ষকেই।

Published Copy:

News Link: https://www.somoynews.tv/news/2024-02-17/sBXTGA1B

সর্বশেষ EN LIVE

সাহিত্য ও সংস্কৃতি

২১ টা ৫৪ মিনিট, ১৭ ফেব্রুয়ারি ২০২৪

বইমেলা

তরুণরা ভাইরাল লেখকের ভিড়ে, অস্বস্তিতে নবীন লেখকরা

বইমেলা মানেই লেখক,পাঠক এবং প্রকাশকদের মিলনমেলা। বইমেলায় পাঠকরা ছুটে আসেন প্রিয় লেখকদের বই কিনতে। আবার অনেকেই আসেন মেলায় ঘুরে বেড়াতে। বইমেলায় আসা পাঠকদের অধিকাংশই তরুণ। তবে নবীন লেখকদের দাবি, তরুণদের বড় একটা অংশই বইমেলায় ছুটে আসেন গায়ক, কন্টেন্ট ক্রিয়েটর এবং সোশ্যাল মিডিয়া সেলিব্রেটিদের সঙ্গে ছবি তুলতে।



প্রকাশকরা সেলিব্রেটিদের বইগুলো পাঠকের কাছে পৌঁছাতে অনেক হিমশিম খাওয়ায় লেখক ও প্রকাশক উভয়ই ক্ষতিগ্রস্ত হচ্ছে। ছবি: মাহদী ইসলাম ধ্রুব

কৌশিক ইসলাম অনি

৫ মিনিটে পড়ুন

যদিও এই সেলিব্রেটিরা নিয়মিত লেখক না। মেলায় তাদের প্রবেশ ঘটলে মিছিল হয়, তরুণদের জটলা বাঁধে। এ পরিস্থিতিতে নিয়মিত পাঠক, নবীন লেখক কিংবা অপেক্ষাকৃত কম পরিচিত লেখকরা অস্বস্তিতে পড়ে যান।



মেলা প্রাঙ্গণ ঘুরে দেখা যায়, নির্দিষ্ট কিছু স্টল ছাড়া বেশিরভাগ স্টলেই পাঠকের তেমন ভিড় নেই বললেই চলে। যেসব স্টলের সামনে ভিড়, সেসব স্টলের কাছে গিয়ে দেখা যায়, অধিকাংশ পাঠক তাদের পছন্দের লেখকের সঙ্গে ছবি তুলতে ব্যস্ত। কেউ কেউ বই কিনছেন, অটোগ্রাফ নিচ্ছেন, সঙ্গে ছবিও তুলছেন। কেউ কেউ আবার শুধুই ছবি তুলে জটলা থেকে হাসি মুখে বের হয়ে আসছেন।

শুধু ছবি তুলে হাসি মুখে ভিড় থেকে বের হওয়া রাজধানীর মোহাম্মাদপুরে বাসিন্দা সাইফুল ইসলাম বলেন, 'আমি তেমন একটা বই পড়ি না। ব্যস্ত থাকার কারণে মেলায় তেমন একটা আসতেও পারি না। আজকে মূলত এসেছি বন্ধুর সঙ্গে ঘুরতে। হঠাৎ একটি স্টলের সামনে প্রচুর ভিড় দেখে এগিয়ে দেখি আমার পছন্দের একজন গায়ক। অনেকক্ষণ অপেক্ষা করার পর তার সঙ্গে ছবি তোলার সুযোগ পাই।

আরও পড়ুন: মেলায় কত হাজার নতুন বই?

অটোগ্রাফসহ বই এবং পছন্দের লেখকের সঙ্গে ছবি তোলা এক তরুণী আফরিন বলেন, 'আমার প্রিয় একজন ফেসবুক সেলিব্রেটি বই লিখেছেন। আমি বেশ কয়েকবছর ধরে তাকে ফলো করি। কিন্তু তার সঙ্গে কখনও সামনাসামনি দেখা হয়নি। তিনি তার পেজ থেকে পোস্ট করে জানিয়েছেন, তিনি আজ মেলায় আসবেন। মূলত আমি তাকে সামনাসামনি একনজর দেখতে মেলায় এসেছি। সঙ্গে তার অটোগ্রাফসহ বই কিনেছি।

তবে এসব সেলিব্রেটি লেখকদের ভিড়ে হারিয়ে যাচ্ছেন নবীন লেখক কিংবা অপেক্ষাকৃত কম পরিচিত লেখকরা। সেলিব্রেটিদের ভিড়ে তারা অনেকসময় ঠিকমতো স্টলেও প্রবেশ করতে পারেছেন না।

নবীন লেখক মিলন আব্দুল্লাহ বলেন, 'প্রথমত বই প্রকাশের অধিকার সবার আছে। তবে তথাকথিত গায়ক, কন্টেন্ট ক্রিয়েটর এবং সোশ্যাল মিডিয়া সেলিব্রেটিদের বিষয়ে কর্তৃপক্ষকে আরও সচেতন হওয়া জরুরি। তারা সচেতন হলে মানহীন বইগুলো বাজারে আসার সুযোগ পাবে না। পাঠক কোনটা কিনবেন বা পড়বেন এই স্বাধীনতা তাদের আছে। তবে আমাদের মতো নবীন লেখকেরা যাতে পাঠকের সঙ্গে যোগাযোগ বাড়াতে পারে সে ব্যবস্থা করা দরকার। এখন আমরা দেখি ভাইরাল কিছু ব্যক্তি মেলায় প্রবেশ করলে মিছিল হয়, তরুণদের জটলা বাঁধে। এমতাবস্থায় নিয়মিত পাঠক, আমাদের মতো নবীন লেখক কিংবা অপরিচিত লেখকরা অস্বস্তিতে পড়ে যান। তারা হাঁটাহাঁটি করতে পারেন না, স্টলের কাছেও যেতে পারেন না।

আরেক নবীন লেখক মারুফ সরকার মুন্নার মতে, বই মেলায় পাঠকের চেয়ে সেলিব্রেটি ফ্যান বেশি। বিশেষ করে ভাইরাল ব্যক্তিরা যখন বই মেলায় আসেন, তখন তাদের ফ্যানব্যাজ পুরোটাই চলে আসে। প্রিয় ভাইরাল মানুষের সঙ্গে একটি ছবি তুলে শত চেষ্টায়। যার ফলে বইমেলার সেই ঐতিহ্য এবং পাঠক কিংবা লেখকবান্ধব পরিবেশ থাকে না। নিয়মিত পাঠকেরা তাদের কাঙ্ক্ষিত স্টলে যেতে পারেন না। ফলে পাঠকরা বইমেলায় আসার উৎসাহ হারিয়ে ফেলে।

প্রকাশকরা সেলিব্রেটিদের বইগুলো পাঠকের কাছে পৌঁছাতে অনেক হিমশিম খাওয়ায় লেখক ও প্রকাশক উভয়ই ক্ষতিগ্রস্ত হচ্ছে জানিয়ে মারুফ সরকার মুন্না বলেন, দেখা যাচ্ছে শতজনের ভিড়ে মাত্র বই কিনছেন হাতেগোণা কয়েকজন। প্রকাশকরাও বই সবাইকে দেখাতে পারছেন না। এই পরিস্থিতি হচ্ছে অনেকটাই ফুলে ফেঁপে উঠা ফাঁকা কলসির মতো। সবাই যা দেখছে আসলে তা না। তাই চাওয়া, বইমেলা শুধু সেলফিবান্ধব না হোক।

শোভা প্রকাশের নির্বাহী পরিচালক মো. আশিকুর রহমান নিজেও এ ব্যাপারে অস্বস্তি প্রকাশ করেন। তিনি বলেন, আমি গতকাল বই বিক্রি বা পাঠককে বই দেখানোর মূল সময়টাতেই এরকম একটা পরিস্থিতির স্বীকার হই। ফলে পাঠকেরা আমার স্টলের দিকে ভিড়তে পারে নাই। আমি বই দেখাতে পারি নাই। এতে যারা নিয়মিত লেখক এবং অভিজ্ঞ লেখক আছেন তারা বিরক্ত বোধ করেন। কিন্তু কী আর করা!

তিনি বলেন, আমাদের মাঝে ক্যাপিটালিজম এর ট্রেন্ড চলছে। আমি আমার টাকায় কিনছি। তাতে কার কী আসে যায়? এটাই মূল ব্যাপার। এই পরিস্থিতিতে আমরা বড়জোর অনুরোধ করতে পারি। তবে আমি মনে করি, আয়োজক কমিটির বিধিনিষেধ বা কাঠামোগত নীতি থাকা উচিত। অন্যদিকে আমাদের কিছু পাঠকের দিকে প্রশ্ন উঠতে পারে। কেননা পাঠকেরা জ্ঞানের চেয়ে ট্রেন্ডকে বেশি প্রাধান্য দিচ্ছে। ফলে যারা ভাইরাল হয়ে বই লিখছে[illegible]র একটা সস্তা মার্কেটিং হয়ে যাচ্ছে।

একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও লেখক মো. আমিনুল ইসলাম বলেন, বইমেলা গণমানুষের হওয়া উচিত। বই যে কেউই লিখতে পারে এবং কে, কি বই পড়বে এই স্বাধীনতা সবার আছে। তা না হলে চিন্তা এবং বুদ্ধিবৃত্তিক স্বাধীনতার দিকে প্রশ্ন উঠতে পারে।


এক্ষেত্রে যারা নিয়মিত লেখক তাদের আরও ভালো ভালো কন্টেন্ট তৈরি করা উচিত বলে জানান আমিনুল ইসলাম। এতে করে তথাকথিত সেলিব্রিটিরা জায়গা পাবে না। আমাদের লেখক এবং প্রকাশকদের একযোগে কাজ করতে হবে। পাশাপাশি বাংলা একাডেমিকে আরও পদক্ষেপ নিতে হবে। তাদের ভাবতে হবে কীভাবে মেলার সঙ্গে পাঠকের আরও নিবিড় সম্পর্ক গড়ে তোলা যায়। তা না হলে চিন্তাশীল বা নিয়মিত পাঠকরা থাকবে না।

আরও পড়ুন: সাহিত্যে শিশুদের কী দরকার, আমরা কী দিচ্ছি?

